



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম
সরকারী কার্যবন্ধন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম-৮০০০



নথি নং- ৫ম/২০(৬৭) এলসি/২০০২/ ৭২৫৬

তারিখঃ ০৫/০৫/২০২৪ খ্রি:

সার্ভেয়ার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর আওতাধীন শুক্র স্টেশনের মাধ্যমে আমদানিত্ব পেট্রোলিয়ামজাত পণ্যসমূহ ও অন্যান্য বাস্তু আকারে আমদানিকৃত পণ্যের সঠিক পরিমাণ সম্পর্কে সার্ভে করার নিমিত্তে উপর্যুক্ত সার্ভেয়ার প্রতিষ্ঠানসমূহকে শর্তসাপেক্ষে ০২ (দুই) বছর এর জন্য তালিকাভুক্ত করা হয়েছিল। ইতোমধ্যে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। নতুনভাবে ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ মেয়াদে সার্ভেয়ার তালিকাভুক্ত করা হবে। বর্তাবস্থায়, সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্ত করণের নিমিত্ত অগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ কার্যদিবসের মধ্যে শর্তসমূহ www.chittagongvat.gov.bd হতে সংগ্রহ করে পূরণপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা হলো। শর্তসমূহ নিম্নরূপ :

ক) অগ্রহী Individual Surveyor/Survey প্রতিষ্ঠানকে নিম্নরূপ প্রয়োজনীয় কাগজপত্রসহ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম বরাবর আবেদন করতে হবে।

১. আবেদনকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
২. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র;
৩. ব্যাংক একাউন্ট নম্বরের প্রত্যয়নপত্র;
৪. নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে প্রদত্ত হালনাগাদ শিপ সার্ভেয়ার সনদপত্র;
৫. প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স;
৬. প্রতিষ্ঠানের আয়কর সনদপত্র;
৭. প্রতিষ্ঠানের বিন (BIN) সার্টিফিকেট;
৮. কাস্টম হাউস/কাস্টমস স্টেশনের কাজ করার অনুমন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সনদ (যদি থাকে);
৯. সাধারণ বীমা কর্তৃরেশন এর সনদপত্র;
১০. সার্ভেয়ার এসোসিয়েশনের সদস্য হলে সংশ্লিষ্ট সমিতির প্রত্যয়ন। লিমিটেড কোম্পানি হলে জয়েন্ট স্টক কোম্পানীতে অর্তভূক্তির দলিলাদি; পার্টনারশীপ ব্যবসার ক্ষেত্রে Contract of partnership. (প্রযোজ্য ক্ষেত্রে)
১১. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম বরাবর ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার জামানতব্যরূপ (Security Deposit) (তালিকাভুক্তির জন্য মনোনীত হওয়ার পর)।

(খ) কোন কারণে এ তালিকাভুক্তির কার্যক্রম বাতিল ঘোষিত হলে বা আবেদনকারী/আবেদনকারীরা তালিকাভুক্তির জন্য মনোনীত/নির্বাচিত না হলে সংশ্লিষ্ট Individual Surveyor/Survey প্রতিষ্ঠান কোনরূপ ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

(গ) মিথ্যা তথ্য, মিথ্যা সার্ভে প্রতিবেদন প্রদান, দায়িত্বহীনতা, অদক্ষতা বা অন্য কোন অভিযোগ পাওয়া গেলে কাস্টমস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সার্ভে প্রতিষ্ঠান বা সার্ভেয়ারের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তালিকাভুক্তিকরণ বাতিল করার একক ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঘ) কর্তৃপক্ষ প্রয়োজন বিবেচনায় ব্যক্তি/প্রতিষ্ঠানের নির্বাচনের ক্ষেত্রে মৌখিক/লিখিত/উভয় পরীক্ষা গ্রহণ করতে পারেন।

(এ.কে, এম আহসান হোসেন)
 সহকারী কমিশনার
 কমিশনারের পক্ষে।

